

পরামর্শদাতার তথ্য সম্বলিত শীট
(ব্যক্তিগত ও মনোনীত)

প্রকল্পের শিরোনাম: রিকভারি-RS রেস্পিরেটরি সাপোর্ট: কোভিড-19 এ শ্বাসযন্ত্রের কৌশলসমূহ;
CPAP, হাই-ফ্লো এবং স্ট্যাণ্ডার্ড সেবা

এই হাসপাতালে আমরা কোভিড-19 এ আক্রান্ত বা সন্দেহভাজন কোভিড-19 রোগীদের জন্য একটি গবেষণা পরিচালনা করছি।

_____কে গবেষণায় তালিকাভুক্ত করা হয়েছিল। চিকিৎসার জরুরি প্রয়োজনের ফলে তাদেরকে পরীক্ষায় তালিকাভুক্ত করার আগে আমরা তাদের সাথে বা অন্য কারো সাথে কথা বলতে পারিনি।

এখন যেহেতু পরিস্থিতিটি কম জরুরি তাই চলমান পরীক্ষায় অংশগ্রহণের ব্যাপারে আমরা তাদের সাথে স্বাভাবিকভাবে আলোচনা করবো। তবে, আমরা মনে করি না যে এই মুহুর্তে তারা নিজেরাই এই সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা রাখেন। এই অবস্থায়, আমরা আপনাকে তাদের পক্ষের একজন পরামর্শদাতা হিসেবে কাজ করার জন্য যোগাযোগ করছি।

যেখানেই সম্ভব, আমরা কোনো আত্মীয় বা বন্ধুকে এই ভূমিকা পালন করতে বলি। তবে, যদি তাদেরকে পাওয়া না যায় তাহলে আমরা এই পরীক্ষার বাইরের কোনো ডাক্তারকে এই ভূমিকা পালন করতে বলি।

আপনি যদি রাজি হন তাহলে আমরা চাই আপনি তাদের অংশগ্রহণ সম্পর্কে একটি মতামত দিন। যতদূর সম্ভব, মতামতটি আপনি তাদের সম্পর্কে কী জানেন এবং সক্ষম হলে তারা তাদের নিজেদের ব্যাপারে কোন সিদ্ধান্তটি নিতেন সেই ভিত্তিতে হওয়া উচিত। অনুগ্রহ করে নিচের তথ্য সম্বলিত লিফলেটটি ভালো করে পড়ুন এবং আপনি চাইলে রোগীকে ভালোভাবে জানে এমন কারো সাথে আলোচনা করুন।

ঐ রোগী সম্পর্কে আপনি যা জানেন তার ভিত্তিতে আপনি যদি মনে করেন চলমান এই অংশগ্রহণের ব্যাপারে তাদের কোনো অভিযোগ থাকতো, অনুগ্রহ করে তা গবেষককে জানান এবং তিনি তা রেকর্ড করবেন। যদি কোনো সময় আপনি আপনার মতামত পরিবর্তন করেন তাহলে আমাদেরকে তা জানান।

স্বস্তি না লাগলে আপনাকে এই দায়িত্ব নিতে হবে না এবং এই ভূমিকা পালনে অনিশ্চিত বোধ করলে আপনার স্বাধীন পরামর্শ (যেমন পেশেন্ট অ্যাডভাইজরি লিয়াজেঁ সার্ভিস (PALS)) চাওয়া উচিত। আপনি যদি সিদ্ধান্ত নেন যে আপনার বন্ধু/আত্মীয় অংশ নিতে চাইতেন না সেক্ষেত্রে এটি কোনোভাবেই তাদের স্বাভাবিক সেবা প্রাপ্তিকে প্রভাবিত করবে না।

